

চীনের উপরাষ্ট্রপতি

(Raya bhattacharya)

১৯৮২ সালের সংবিধানে চীনে রাষ্ট্রপতি পদের মতো একটি উপরাষ্ট্রপতি পদের কথা বলা হয়েছে।

সংবিধানের ৭৯ নং ধারা অনুসারে উপরাষ্ট্রপতি ও রাষ্ট্রপতির মত জাতীয় গণ কংগ্রেসের সদস্যদের দ্বারা ৫ বছরের জন্য নির্বাচিত হন। কেউই পরপর দুই বারের বেশি নির্বাচিত হতে পারবেন না। বয়স অন্তত ৪৫ বছর হতে হবে। চীন গণসাধারণতন্ত্রের ভোটাধিকার সম্পন্ন নাগরিক হতে হবে।

উপরাষ্ট্রপতির মূল কাজ রাষ্ট্রপতিকে সাহায্য করা এবং রাষ্ট্রপতি তাঁকে কোনো নির্দিষ্ট বিষয়ে ক্ষমতা ও দায়িত্ব অর্জন করলে সেই ক্ষমতাকে প্রয়োগ ও সেই দায়িত্ব পালন করা। সংবিধান অনুসারে কোনো সময় রাষ্ট্রপতির পদ শূন্য হলে উপরাষ্ট্রপতি সেই পদে অভিষিক্ত হন।

উপরাষ্ট্রপতির পদ শূন্য হলে জাতীয় কংগ্রেস নতুন উপরাষ্ট্রপতি নির্বাচন করেন। একই সঙ্গে যদি উভয় পদই শূন্য হয় তাহলে জাতীয় গণ কংগ্রেস নতুন রাষ্ট্রপতি ও উপরাষ্ট্রপতি নির্বাচন করেন। যতদিন এই নির্বাচন হচ্ছে ততদিন স্থায়ী কমিটির সভাপতি অস্থায়ীভাবে রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন।

This material is taken from a book written by Himachal chakroborty.

You can find materials from various books and internet source .